

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা
রাজস্ব (এসএ) শাখা
www.satkhira.gov.bd

নম্বর: ৩১.৪৪.৮৭০০.০০০.০০৬.১০.০০৩৭.২৬-

তারিখ:

ভাদ্র ১৪৩৩
সেপ্টেম্বর ২০২৬

: জলমহাল ইজারা বিজ্ঞপ্তি :

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ২০ (বিশ) একরের উর্ধ্ব আয়তন বিশিষ্ট সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলাধীন (i) চেউটিয়া নদী (বদ্ধ) (৮২.৯৫ একর) এবং (ii) মোকামখালী খাল (বদ্ধ) (৪০.২০ একর) ম্যানুয়াল পদ্ধতিতে ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে শুধুমাত্র নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন/সমিতির অনকূলে ইজারা প্রদান করা হবে। ইজারার শর্তাবলীসহ জলমহালটির তথ্য জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা এর ওয়েবসাইট (www.satkhira.gov.bd) এ আপলোড করা হয়েছে। নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী ইজারা গ্রহণে আগ্রহী সমবায় সমিতিসমূহকে সিলগালাকৃত বদ্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়ে সরাসরি আবেদন/দরপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

ক্র নং	তারিখ	গৃহীতব্য কার্যক্রম
১.	২৩/০৯/২০২৬ খ্রি. বেলা ০১.০০ পর্যন্ত।	সীলগালাকৃত মুখবন্ধ খামে ইজারার আবেদন/দরপত্র (জামানত ও আবেদন ফি বাবদ ব্যাংক ড্রাফটসহ) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে। ঐ দিন বেলা ২.০০ ঘটিকার সময় দরপত্রদাতাগণের উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হবে।
২.	২৭/০৯/২০২৬ খ্রি.	প্রাপ্ত দরপত্রসমূহ জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন।
৩.	২৯/০৯/২০২৬ খ্রি.	জেলা প্রশাসক কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ।
৪.	৩০/০৯/২০২৬ খ্রি. হতে ০৭/১০/২০২৬ খ্রি. এর মধ্যে	ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোর্ডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন।
৫.	০৮/১০/২০২৬ খ্রি.	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

: শর্তাবলি:

- ১। সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি জলমহাল ইজারায় অংশগ্রহণ করতে পারবেন।
- ২। মৎস্যজীবী সমবায় সমিতিতে বা সমিতির কার্যনির্বাহী কমিটিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে ঐ প্রতিষ্ঠানটি আবেদনের যোগ্য হবে না।
- ৩। কোন ব্যক্তি অথবা কোন অনিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি জলমহাল ইজারা পাইবার জন্য আবেদন করতে পারবেন না।
- ৪। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।
- ৫। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি যারা সমবায়/সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত, বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা বা উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র এবং বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল সাপেক্ষে আবেদন করতে পারবেন। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরনের প্রমাণের দরকার হবে না।
- ৬। নির্দিষ্ট ফরমে আবেদন দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানা, ছবি ও মোবাইল নম্বর সংবলিত) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানা, ছবি ও মোবাইল নম্বর সংবলিত) সংযুক্ত করবেন।
- ৭। নির্ধারিত ইজারামূল্যের চেয়ে কম মূল্যে জলমহাল ইজারা দেয়া যাবে না।
- ৮। জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবের সিল-সংবলিত স্বাক্ষরসহ নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে।
- ৯। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটিগঠনতন্ত্র, এর কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।
- ১০। ০৩ (তিন) বছর মেয়াদী (লিজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে।

- ১১। আবেদনকারী সমিতি/সংগঠনের কোন ধরনের জঞ্জি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বে কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সমিতিতে জলমহাল ইজারা প্রদান করা যাবে না।
- ১২। জলমহালের আবেদন ফি (অফেরতযোগ্য) বাবদ ৫০০/- (পাঁচ শত) টাকা জেলা প্রশাসক, সাতক্ষীরা এর নামে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে জমা প্রদানপূর্বক আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ১৩। সংশ্লিষ্ট জলমহালের জন্য নির্ধারিত ইজারামূল্যের ২০ জামানত হিসেবে %জেলা প্রশাসক, সাতক্ষীরা এর নামে যে কোন তফসিলভুক্ত ব্যাংকে জমা প্রদানপূর্বক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। পরবর্তীতে ইহা জলমহাল ইজারার শেষ বছরে ইজারামূল্যের সাথে সমন্বয় করা যাবে।
- ১৪। খামের উপর জলমহালের নাম স্পষ্টাক্ষরে লিখতে/উল্লেখ করতে হবে।
- ১৫। সাধারণ আবেদনের মাধ্যমে কোন প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুইটির অধিক জলমহাল ইজারাবন্দোবস্ত পাবে / না।
- ১৬। আবেদনকারী সমিতির সভাপতি, সম্পাদক ও উক্ত সমিতির নিকট সরকারি কোন বকেয়া রাজস্ব পাওনা নেই এবং তাদের বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা নেই মর্মে জেলা প্রশাসনের কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করবেন।
- ১৭। সময়মত লিজ মানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য অনিয়মের কারণে কোন জলমহালের লিজ বাতিল করা হলে জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথানিয়মে লিজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।
- ১৮। লিজ প্রাপ্ত জলমহাল কোনভাবেই সাবলিজ প্রদান বা অন্যত্র হস্তান্তর করা যাবে না। কেবলমাত্র সরকারের অনুকূলে হস্তান্তর করা যাবে। যদি সাবলিজ দেয়া হয়, তাহলে উক্ত জলমহালের ইজারা জেলা প্রশাসক বাতিল করবেন এবং জামানতসহ জমাকৃত ইজারামূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লিজগ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী ০৩(তিন) বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।
- ১৯। আবেদনপত্রের সাথে আবেদনকারী সমিতির প্রত্যেক সদস্য প্রকৃত মৎস্যজীবী এই মর্মে উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করবেন।
- ২০। আবেদনকারী মৎস্যজীবী সমবায় সমিতি মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করবেন।
- ২১। সাধারণ আবেদনের মাধ্যমে কোন জলমহাল কোন প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে নির্ধারিত মূল্যে নির্দিষ্ট সময়ের জন্য জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় অথবা বিভাগীয় কমিশনার মহোদয় কর্তৃক ইজারা/বন্দোবস্তের প্রস্তাব অনুমোদন করা হলে, ইজারা/বন্দোবস্ত গ্রহীতাকে ১ম বছরের সাকুল্য ইজারামূল্যসহ ১৫% ভ্যাট ও ১০% আয়কর বাবদ অর্থ সিদ্ধান্ত প্রদানের ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে পরিশোধ করতে হবে।
- ২২। সম্পূর্ণ টাকা পরিশোধের পর জলমহাল দখল গ্রহণের পূর্বে ইজারা গ্রহীতাকে নিজ উদ্যোগে ৩০০টাকা মূল্যের (তিনশত) -/ যাতে প্রযোজ্য শর্তসমূহ উল্লেখ থাকবে।, জুডিশিয়াল স্ট্যাম্প প্রয়োজনীয় চুক্তিপত্র সম্পাদন করতে হবে-নন
- ২৩। ২য় বছরে সম্পূর্ণ ইজারা মূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং ৩য় বছরের ইজারা মূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতীত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ কোন অবস্থাতেই আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।
- ২৪। জলমহালের ইজারার মেয়াদ ১লা বৈশাখ হতে শুরু হবে এবং বছরের যে কোন সময় জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারা মেয়াদ একই বছরের ১লা বৈশাখ হতে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখ তা শেষ হবে। এই সময়ের মধ্যে যদি কোন কারণে খাস কালেকশন করা হয় তাহলে তা সরকারি খাতে জমা হবে, ইজারা গ্রহণকারী সমিতি/সংগঠন পাবে না এবং জলমহালের পরিসীমা যেখানে যে অবস্থায় আছে, তাহাই সঠিক হিসেবে ইজারাদারকে মেনে নিতে হবে।
- ২৫। জলমহাল ইজারা নেয়ার পরে কোন সংগঠন/সমিতি জলমহাল ভরাট বা অন্য কোন অজুহাত উত্থাপন করতে পারবেন না। প্রয়োজনে আবেদন দাখিলের পূর্বে সমিতিসংগঠন সেরেজমিনে জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা / কার্যক্রমে অংশগ্রহণ করবেন।
- ২৬। কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। সকল ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ২৭। মামলাজনিত কারণে/উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশের কারণে বা অন্য কোন আইনসংগত কারণে জলমহালসমূহের সময়মত দখল না পাওয়ার বিষয়ে কোন অজুহাত গ্রহণযোগ্য হবে না।
- ২৮। আদালতের কোন মামলা / প্রাকৃতিক কারণে ক্ষতিগ্রস্ততার কোন অজুহাত গ্রহণযোগ্য হবে না।

- ২৯। লিজগ্রহীতা জলমহালের পরিসীমা বজায় রাখবেন এবং সংরক্ষণ করবেন যাতে কেউ সংশ্লিষ্ট জলমহালে অনুপ্রবেশ বা বেআইনীভাবে দখল না করে তা নিশ্চিত করবেন।
- ৩০। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরনের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনে কোন প্রকান ক্ষতিসাধন করা যাবে না। এরূপ করা হলে ইজারা বাতিল করা হবে।
- ৩১। জলমহালের কোন অংশে স্থায়ী/অস্থায়ী বাঁধ প্রতিবন্ধকতা স্থাপন এবং জলাবদ্ধতা সৃষ্টি করা যাবে না যাতে/ফৌজদারি কার্যবিধি ১৩৩ ধারা অথবা ১৯৫০ সালের মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন অথবা অন্য আইনের কোন ধারা লঙ্ঘিত হয়।
- ৩২। অনুমোদিত ইজারা গ্রহীতা সরকার বা কর্তৃপক্ষ কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না। কর্তৃপক্ষ বা সরকারি মৎস্য বিভাগ কর্তৃক জারিকৃত সকল আদেশ নিষেধ ইজারা গ্রহীতা পালন করতে বাধ্য থাকবেন। মৎস্য আহরণের ক্ষেত্রে যথাযথ নিয়ম অনুসরণ করতে হবে।

ম্যানুয়াল পদ্ধতিতে ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারায়োগ্য জলমহালের তালিকা নিম্নরূপ

ক্র: নং	উপজেলার নাম	সায়রাত মহালের নাম	আয়তন (একরে)	বাংলা ১৪৩৩ সনের নির্ধারিত ইজারামূল্য	আবেদনপত্রের মূল্য (অফেরতযোগ্য)
০১.	আশাশুনি	চেউটিয়া নদী (বদ্ধ) জলমহাল	৮২.৯৫	৯,০৫,১০০/-	৫০০/-
০২.	„	মোকামখালী খাল (বদ্ধ) জলমহাল	৪০.২০	১,১৯,৭০০/-	৫০০/-

এছাড়া, জলমহাল ইজারা সংক্রান্ত শর্তাবলি ও বিস্তারিত বিবরণ যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা এর রাজস্ব (এসএ) শাখা থেকে জানা যাবে।

কাউসার আজিজ

জেলা প্রশাসক

সাতক্ষীরা

ফোন-০২৪৭৭৭৪১০৭১

ই-মেইল-dcsatkhir@mpa.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়ঢাকা। ,বাংলাদেশ সচিবালয় ,
- ০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ডঢাকা। ,তেজগাঁও ,শহীদ তাজউদ্দীন আহমদ সরণি ,৯৮-ভূমি ভবন ,
- ০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ।
- ০৪। উপ-পরিচালক ,চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
- ০৫। পুলিশ সুপার, সাতক্ষীরা।
- ০৬। জেলা মৎস্য কর্মকর্তা, সাতক্ষীরা।
- ০৭। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরসাতক্ষীরা। ,
- ০৮। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পানি উন্নয়ন বিভাগ সাতক্ষীরা। ,বাপাউবো ,২/১-
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদরআশাশু/কলারোয়া/তালা/নি/দেবহাটা/কালিগঞ্জ/শ্যামনগর, সাতক্ষীরা।
- ১০। সহকারী কমিশনার (ভূমি), সাতক্ষীরা সদর/তালা সাতক্ষীরা। ,শ্যামনগর/কালিগঞ্জ/দেবহাটা/আশাশুনি/কলারোয়া/
- ১১। জেলা সমবায় কর্মকর্তা, সাতক্ষীরা।
- ১২। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর সাতক্ষীরা। ,
- ১৩। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সাতক্ষীরা।
- ১৪। সহকারী বন সংরক্ষক, সামাজিক বনায়ন জোন, সাতক্ষীরা।
- ১৫। জেলা তথ্য অফিসার, সাতক্ষীরা [তাকে বিজ্ঞপ্তিটি মাইকযোগে সংশ্লিষ্ট এলাকার হাট/বাজারে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো]।
- ১৬। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা [জেলা প্রশাসক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে]
- ১৭। উপজেলা মৎস্য কর্মকর্তা, সাতক্ষীরা সদরসাতক্ষীরা। ,শ্যামনগর/কালিগঞ্জ/দেবহাটা/আশাশুনি/কলারোয়া/তালা/
- ১৮। সাব-রেজিস্ট্রারসাতক্ষীরা। ,শ্যামনগর/কালিগঞ্জ/দেবহাটা/আশাশুনি/কলারোয়া/তালা/সাতক্ষীরা সদর ,

- ১৯। উপজেলা সমবায় কর্মকর্তা, সাতক্ষীরা সদর/তালা/কলারোয়া/আশাশুনি/দেবহাটা/কালিগঞ্জ/শ্যামনগর, সাতক্ষীরা।
- ২০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাতক্ষীরা সদর/তালা/কলারোয়া/আশাশুনি/দেবহাটা/কালিগঞ্জ/শ্যামনগর থানা।
- ২১। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা [তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]।
- ২২। গোপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সাতক্ষীরা। [অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সাতক্ষীরা মহোদয়ের সদয় জ্ঞাতার্থে]
- ২৩। চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ, উপজেলা,....., জেলা-সাতক্ষীরা।
- ২৪। পোস্ট মাস্টার, সাতক্ষীরা সদর/তালা/কলারোয়া/আশাশুনি/দেবহাটা/কালিগঞ্জ/শ্যামনগর, সাতক্ষীরা।
- ২৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.....ইউনিয়ন ভূমি অফিস ,....., সাতক্ষীরা। [তাকে হাট বাজারে ঢোল সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচার করে অবহিত করার জন্য বলা হলো]
- ২৬। সভাপতি/সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, সাতক্ষীরা।
- ২৭। নাজির, এসএ শাখা, সাতক্ষীরা কালেক্টরেট, সাতক্ষীরা।